রেজিঃ উইথ এ/ডি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৬-১৩৬

তারিখঃ ১১-০৮-১৪৩৩বঃ
২৬-১১-২০২৬ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (**dismissal from service**) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

আপনি, জনাব রাশেদুল হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা, গত ০১/১০/২০২৫ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার দপ্তর হতে আপনার সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও যোগাযোগ করা সম্ভব হয়নি অথবা আপনি ফোন রিসিভ করেননি। পরবর্তীতে, আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পত্র প্রেরণ করা হলে স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি ফেরত আসে। এরূপ পরিস্থিতিতে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৬-৩২; তারিখ: ১৭/০২/২০২৬ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা জারি করে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে আপনি কোনো লিখিত জবাব দাখিল করেননি। তৎপ্রেক্ষিতে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের লক্ষ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

২। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের সার্বিক পর্যালোচনা, মতামত এবং সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আপনি গত ০১/১০/২০২৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এ ধরনের অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর হতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হয় এবং গত ১৯/০৮/২০২৫ খ্রিঃ তারিখের স্মারক নং-১৫৬৩-এর মাধ্যমে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অনুপস্থিতির কারণ ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলেও আপনি কোনো ব্যাখ্যা দাখিল করেননি। পরবর্তীতে, গত ১৭/০২/২০২৬ খ্রিঃ তারিখে জারিকৃত অভিযোগনামার মাধ্যমে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য দাখিলের সুযোগ প্রদান করা হয়। কিন্তু আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব দাখিল করেননি। আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পত্র প্রেরণ করা হলেও স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি ফেরত আসে। এ ছাড়া, তদন্ত কর্মকর্তা কর্তৃক আপনার স্থায়ী ঠিকানায় সরেজমিনে অনুসন্ধান এবং ব্যক্তিগত ই-মেইল ঠিকানায় যোগাযোগের উদ্যোগ গ্রহণ করা হলেও আপনার কোনো বক্তব্য পাওয়া যায়নি।

৩। তদন্ত প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে যে, আপনি যুক্তরাষ্ট্রে অবস্থিত একটি কোম্পানিতে চাকরির প্রস্তাবের ভিত্তিতে ০২/১০/২০২৫ খ্রিঃ তারিখ হতে ৫ (পাঁচ) বছরের জন্য লিয়েন মঞ্জুরের আবেদন করেন, যা আপনি গত ০৪/০৯/২০২৫ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব বরাবর দাখিল করেন। অন্যদিকে, আপনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে ০১/০৫/২০২৪ খ্রিঃ হতে ৩০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণকালীন মাস্টার্স ইন স্যানিটেশন কোর্স সম্পন্ন করেন এবং ০৪/০৫/২০২৫ খ্রিঃ তারিখে বোর্ডের কর্মস্থলে যোগদান করেন। প্রশিক্ষণ পরিদপ্তর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী, উক্ত কোর্সে অংশগ্রহণের ক্ষেত্রে বোর্ডের সঙ্গে সম্পাদিত বন্ডের শর্ত মোতাবেক কোর্স সমাপ্তির পর ১ (এক) বছর বোর্ডের চাকরিতে নিয়োজিত থাকার বাধ্যবাধকতা ছিল। কিন্তু উক্ত সময়কাল পূর্ণ হওয়ার পূর্বেই আপনি কর্মস্থলে অনুপস্থিত হন এবং লিয়েন মঞ্জুরের আবেদন করেন। ফলে আপনার বিরুদ্ধে বন্ডের শর্ত ভঙ্গের বিষয়টিও প্রতীয়মান হয়।

৪। সার্বিক পর্যালোচনায় দেখা যায়, আপনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর ও তদন্ত কর্মকর্তা কর্তৃক একাধিকবার যোগাযোগের উদ্যোগ গ্রহণ করা সত্ত্বেও আপনি কোনো ব্যাখ্যা বা আত্মপক্ষ সমর্থনে বক্তব্য দাখিল করেননি। তদন্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নথিপত্র, প্রাপ্ত তথ্যাদি ও অনুসন্ধানের ভিত্তিতে আপনার বিরুদ্ধে গত ০১/১০/২০২৫ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছেন।

৫। বর্ণিত প্রেক্ষাপটে, আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৪৮(ক), ৪৮(খ) ও ৪৮(গ) অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন-এর অভিযোগ বিভাগীয় তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। এ পরিপ্রেক্ষিতে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার বিরুদ্ধে ০১/১০/২০২৫ খ্রি. তারিখ হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড আরোপের অবতারণা হয়েছে।

অঃপৃঃদ্রঃ

৬। অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৫২(৫) অনুযায়ী তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্তকরতঃ এবং একই প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) অনুযায়ী আপনার ওপর প্রস্তাবিত 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, সে বিষয়ে এই নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর লিখিত জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৭। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

২৬.১১.২০২৫

(মোঃ আতিকুর রহমান)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৮০২২৫০০১

প্রাপকঃ

১। জনাব রাশেদুল হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। জনাব রাশেদুল হাসান, পিতা- মোঃ হারুন-অর-রশিদ, গ্রাম-নিতেশ্বর, পোস্ট কোড-৩২১০, ইউনিয়ন-গিয়াসনগর, উপজেলা-মৌলভীবাজার সদর, জেলা-মৌলভীবাজার।

কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

আগ্রহী নং ৩৬১৬
সিস্টেম এনালিস্ট
যোগাযোগ ১/২
সহকারী যোগাযোগ ১/২/৩/৪
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

তারিখঃ ২৫/১১/২৫

E:\Rashed\Letter\Showcause.docx39